# শিক্ষাবিদ অনন্তকুমার বড়ুয়া

(আনু. ১৮৮০-১৯৪৫)

অধ্যক্ষ শিমূল বড়ুয়া*

ঊনবিংশ শতাব্দীর শেষ পর্যায়ে এবং বিংশ শতাব্দীর প্রথম পর্যায়ে বৌদ্ধদের জাগরণে প্রাচ্য-পাশ্চাত্য অবৌদ্ধ মনীষীদের পাশাপাশি বেশ কয়েকজন বৌদ্ধ মনীষীও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন, তাঁরা তাঁদের স্ব স্ব অবস্থান থেকে বৌদ্ধধর্ম-সমাজ-সংস্কৃতি ও ইতিহাস-ঐতিহ্য পুনরুদ্ধারে-সংরক্ষণে, চর্চায়-বিকাশে অবদান রাখেন। তাঁদের মধ্যে একজন হচ্ছেন পালি ভাষা-সাহিত্যে সুপণ্ডিত, লেখক-সংগঠক স্বর্গীয় অনন্তকুমার বড়ুয়া। অনন্তকুমার আনুমানিক ১৮৮০ সালে চট্টগ্রামের রাউজান উপজেলাস্থ পূর্ব আধার মানিক গ্রামের **জনলোথকের** বাড়িতে জন্মগ্রহণ করেন। পিতা দেবীচরণ বড়ুয়া। অনন্তকুমার একাডেমিক লেখাপড়া কোথায় কখন কতটুকু করেছেন তথ্য-উপাত্তের অভাবে জানা সম্ভব হয়নি। চট্টগ্রামের কৃতীসন্তান লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে এশিয়ার প্রথম ডিলিট ডিগ্রি অর্জনকারী ভারততত্ত্ববিদ, প্রত্নতত্ত্ববিদ, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. বেণীমাধব বড়ুয়ার (১৮৮৮-১৯৪৮) সাথে তাঁর পত্রযোগাযোগ ছিল। ড. বেণীমাধব অনন্তকুমার বড়ুয়ার নামের আগে 'পণ্ডিত' শব্দ ব্যবহার করতেন এবং তাঁর মতে অনন্তকুমার পালি ভাষায় গভীর পাণ্ডিত্যের অধিকারী ছিলেন। অনন্তকুমার চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের পালি বিষয়ের স্বনামধন্য শিক্ষক ছিলেন। সবিশেষ উল্লেখ্য, চট্টগ্রামে ১৮৩৬ সালে প্রথম সরকারি ইংরেজি স্কুল প্রতিষ্ঠিত হয়। ১৮৬৯ সালে এই স্কুলটির নাম হয় চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। সম্ভবত ১৯০৩ সালে চট্টগ্রাম কলেজিয়েট স্কুলে পালি শিক্ষা প্রবর্তন হয়। স্কুল থেকে প্রদত্ত ছাপানো মানপত্র মতে অনন্তকুমার ১৯৪০ সালে কলেজিয়েট স্কুল থেকে অবসর গ্রহণ করেন।

পালি ভাষা-সাহিত্য শিক্ষাচর্চার পাশাপাশি অনন্তকুমার লেখালেখি ও সাংগঠনিক কর্মেও সম্পৃক্ত ছিলেন। বিভিন্ন সংগঠন-প্রতিষ্ঠান আয়োজিত সেমিনার-সম্মেলনে যোগদান করে কবিতা, প্রবন্ধ-নিবন্ধ উপস্থাপন করতেন। বৌদ্ধধর্ম ও পালি ভাষা-সাহিত্য চর্চায় অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি ১৯৩৪ সালে কলকাতাস্থ All India Buddhist Literary Association কর্তৃক 'Bachelor of Dharma' উপাধি লাভ করেন। তাঁর কাব্যিক জ্ঞান ছিল অসাধারণ, সংকলন করেছিলেন পালি অভিধান। ইংরেজি ভাষায়ও কাব্যচর্চা করতেন। তিনি ১৯৩৪ সালে ইংরেজিতে আটত্রিশ লাইনের একটি দীর্ঘ কবিতা চট্টগ্রাম বিভাগের তৎকালীন কমিশনার Edmond Nicolas, Esq., C.I.E.,I.C.S. -এর উদ্দেশ্যে লিখেছিলেন।

সবচেয়ে দুর্লভ ও আত্মশ্লাঘার বিষয় হচ্ছে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকে ইংরেজি ভাষায় লেখা কবিতা অন্তঃপ্রাণ অনন্তকুমার বড়ুয়ার একটি দীর্ঘ কবিতা। ১৯৩১ সালে সারা দেশে বাঙালিরা মেতে উঠেছিল কবিগুরুর ৭০তম জন্মবার্ষিকী উদ্‌যাপনে। বন্দিশালা থেকে রাজবন্দিরাও তাঁকে অভিনন্দন জানিয়েছিলেন। বিপ্লবী চট্টগ্রাম পিছিয়ে তো থাকতে পারেন না। প্রাগ্রসর চিন্তার রবীন্দ্রানুরাগী পণ্ডিত অনন্তকুমার বড়ুয়া এগিয়ে আসলেন, তিনি কাব্যিক ব্যঞ্জনায় বিশ্বকবিকে শ্রদ্ধা জানালেন। কবির ৭০ তম জন্মবার্ষিকী উপলক্ষে লিখিত আটষট্টি পঙক্তির **'বিশ্ব-কবি জয়-মঙ্গলম'** কবিতাটিতে অনন্তকুমার রবীন্দ্রনাথকে বলেছেন **'The new Light of Asia'**, নিবেদন করেছেন হৃদয়ের অকৃত্রিম ভালোবাসা ও শ্রদ্ধার্ঘ্য। বিশ্বকবিকে লেখা

*জন্মস্থান—উত্তর গুজরা, (নকুল মহালদারের বাড়ী) পিতা ভূপতি রঞ্জন বড়ুয়া, রাউজান, চট্টগ্রাম। অধ্যক্ষ লতিফা সিদ্দিকী ডিগ্রী কলেজ, সীতাকুণ্ড বহুগ্রন্থ প্রণেতা, জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত সাহিত্যিক।

অনন্তকুমারের এই দীর্ঘ কবিতাটি শান্তিনিকেতনের 'রবীন্দ্র ভবনে' সংরক্ষিত আছে। রবীন্দ্র ভবন থেকে কবিতাটির ফটোকপি আমাদের জন্য সংগ্রহ করে এনেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর, রবীন্দ্র-গবেষক ড. ভূঁইয়া ইকবাল; স্যারের প্রতি আমরা কৃতজ্ঞ।

এই দীর্ঘ কবিতাটি বিশ্বকবির হস্তগত হওয়ার পর উনি অনন্তকুমার বড়ুয়াকে কোনো প্রতিউত্তর পাঠিয়েছিলেন কিনা জানা যায়নি। কবিগুরুর ৭০তম জন্মবর্ষে শ্রদ্ধা জানিয়ে নিঃসন্দেহে অনন্তকুমার বড়ুয়া বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কাছে চট্টগ্রামবাসীর এবং বাঙালি বৌদ্ধদের গৌরব বৃদ্ধি করেছেন।

পালি ভাষা-সাহিত্যে সুপণ্ডিত, নিষ্ঠাবান সমাজকর্মী, সুলেখক, সুবক্তা, বিশিষ্ট শিক্ষাবিদ অনন্তকুমার বড়ুয়া সম্ভবত ১৯৪৫ সালে মৃত্যুবরণ করেন।

কবি অনন্তকুমার বড়ুয়ার ভূমিকা-সহ দীর্ঘ কবিতাটি এখানে পত্রস্থ করা হল :

To
Doctor Rabindranath Tagore
Poet, Sage, Philosopher,
&
The New Light of Asia.

Santiniketan, Bolpore, India

## Vishva-kavi Jaya-Mangalam

It's a message congratulatory to the New Light of Asia, the Poet,
On his happy and joyous Birth Anniversary Day Seventieth.
The sweetness and gentleness of the poet's heart
All his poems blazon.
With a purity of passion they touch our heart
Not less than his own.
His poetic vision is the true vision of our majestic Asia,
But it is on nympholepsy, vain waking dream, or Utopia.

With the 'Arghya', or Love-offerings
Of a poor Buddhist soul,
He invokes the hearty Blessings
Of the Revered poet, - Sage Noble.

Ananta Kumar Barua (B.A.)
Vice-president Chattla Bauddha Samagam.
Collegiate School
Chittagong

Baisakhi Purnima
Baisakh - 30
B.E. 2475 (1931)

সাথে আছি পক্ষ থেকে,

বহু গ্রন্থ প্রনেতা, জাতিয় পুরস্কারপ্রাপ্ত সাহিত্যিক মাননীয় অধ্যক্ষ শিমূল বড়ুয়া মহাশয় শিক্ষাবিদ অনন্তকুমার বড়ুয়া মহাশয়ের ১৮৮০ - ১৯৪৫ বাঙালী বৌদ্ধদের মূল্যবান তথ্য লিপিবদ্ধ এবং উপস্থাপন করেছেন যাহা Bodhi Rashmi 2020 - 2021 annual journal of Shantiniketan Ambedkar Buddhist Welfare Mission এর প্রতিষ্ঠাতা আমার গুরুদেব পরম পূজনীয় ও আদরের শ্রীমত বিনয়শ্রী ভিক্ষু মহাস্থবীর editor কতৃক প্রকাশিত হয়েছে -

আমরা গর্বিত এবং আপ্লুত ! আমাদের আন্তরিক অভিনন্দন, শুভেচ্ছা ও ভালোবাসা জ্ঞাপন করছি ।

সাথে আছি
অভিজিৎ চৌধুরী
CEO and Managing Director
CEPL Group
Chowdhury Enterprises Pvt. Ltd.